# ২০১৯

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

## দ্বিতীয় পত্র : BNGH-CC-T-II

## (বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-২য় ভাগ)

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) বঙ্গাক্ষরে বাংলা গদ্যসাহিত্যের প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ কোন্‌টি? কার লেখা?

খ) নাটক আখ্যানে রূপান্তরিত হয়েছে, বিদ্যাসাগরের এমন দু'টি অনুবাদ গ্রন্থের নাম লেখো।

গ) 'দিগদর্শন' পত্রিকার প্রকাশ সাল কত? এটি কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

ঘ) 'ভক্তপ্রসাদ' চরিত্রটি মধুসূদন দত্তের কোন্ রচনায় আছে? এ জাতীয় আর একটি রচনার নাম লেখো।

ঙ) 'অর্কেস্ট্রা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো। এটি কে লিখেছিলেন?

[পরের পাতায়]

চ) একটি অন্যোন্য সমীভবনের উদাহরণ দাও।

ছ) 'লুঙ্গি' ও 'ঘুঘনি' শব্দ দু'টি কোন্ ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?

জ) উইলিয়াম কেরির ব্যাকরণ গ্রন্থটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

ঝ) দু'জন বাঙালি অভিধানকারের নাম ও তাঁদের লেখা দু'টি অভিধানের নাম লেখো।

ঞ) রাম > আম — এই ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যটি বাংলা ভাষার কোন্ উপভাষায় দেখা যায়?

ট) রবীন্দ্রনাথ ঠাকুরের দু'টি রূপক-সাংকেতিক নাটকের উদাহরণ দাও।

ঠ) ভ্রমণকাহিনীর রীতিতে রচিত শরৎচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস কোন্‌টি? এই উপন্যাসের একটি চরিত্রের নাম লেখো।

ড) 'ভাববার কথা' প্রবন্ধ-গ্রন্থটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

ঢ) 'নীলদর্পণ' ও 'নবান্ন' নাটক দু'টির নাট্যকারের নাম লেখো।

ণ) 'শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পটি কার লেখা? লেখকের ছদ্মনাম কী ছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সতীনাথ ভাদুড়ীর রাজনৈতিক উপন্যাস সম্পর্কে সংক্ষেপে বুঝিয়ে দাও।



খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি লেখো।

ঘ) বরেন্দ্রী উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঙ) বিজন ভট্টাচার্যের নাট্যপ্রতিভা সংক্ষেপে আলোচনা করো।

চ) বাংলা কাব্যকবিতার ধারায় জীবনানন্দ দাশের অবস্থানটি সুস্পষ্ট করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ছোটগল্পকার হিসেবে রবীন্দ্রনাথের অবদান বুঝিয়ে দাও।

খ) ঈশ্বর গুপ্তকে যুগসন্ধির কবি বলা কতটা সঙ্গত — বিচার করো।

গ) ভাষা পরিকল্পনার স্বরূপ আলোচনা করে তার সাধারণ উদ্দেশ্যগুলি লিপিবদ্ধ করো।

ঘ) ঐতিহাসিক ও পৌরাণিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করো।

---